হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮২ ঃ মেহেরপুর-শুক্রবার ১১ জুলাই ২০২৫ ইং ঃ ২৭ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



৭০ বছরেও তরুণী রেখা, যেভাবে ত্বকের যত্ন নেন অভিনেত্রী -পৃষ্ঠা-৩




## ১১ জুলাই: 'বাংলা ব্লকেড' কর্মসূচিতে পুলিশের বাধা, লাঠিচার্জ ও টিয়ার শেল নিক্ষেপ

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা বাতিলের দাবিতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বানে ২০২৪ সালের ১১ জুলাই (বৃহস্পতিবার) চতুর্থ দিনের মতো 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন করেন শিক্ষার্থীরা।

পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী, এদিন বিকেল ৩টার পর আন্দোলনকারীরা রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে সড়ক-মহাসড়ক ও রেলপথ অবরোধ করার চেষ্টা করলে পুলিশ তাদের বাধা দেয়। শিক্ষার্থীরা বাধা উপেক্ষা করে আন্দোলন চালিয়ে যেতে চাইলে পুলিশের সঙ্গে তাদের সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ আন্দোলনকারীদের ওপর নির্বিচারে লাঠিচার্জ ও টিয়ার গ্যাসের শেল নিক্ষেপ করে। এতে দেশের বিভিন্ন স্থানে প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থী আহত হন। পুলিশের এই হামলার

২-এর পৃষ্ঠা দেখুন



# জিনিয়াস ল্যাবরেটরির জয়ে উজ্জ্বল মেহেরপুর

## এসএসসির ফল

নিজস্ব প্রতিবেদক

২০২৫ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। যশোর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এ পরীক্ষায় মেহেরপুর জেলায় মোট পাসের হার দাঁড়িয়েছে ৬২.৭০ শতাংশ। জেলার তিনটি উপজেলার ১৩টি কেন্দ্রে ১২০টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মোট ৬ হাজার ৭১৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ৩ হাজার ৩১২ জন ছাত্র ও ৩ হাজার ৪০৩ জন ছাত্রী ছিল। পরীক্ষায় পাস করেছে ৪ হাজার ২১০ জন, যার মধ্যে ১ হাজার ৮১১ জন ছাত্র এবং ২ হাজার ৩৯৯ জন ছাত্রী রয়েছে।

এবারও মেহেরপুর জেলার সেরা অবস্থান ধরে রেখেছে মেহেরপুর শহরের জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ। প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণকারী ১২০ জন শিক্ষার্থীর সবাই পাস করেছে এবং এর মধ্যে ৫০ জন জিপিএ-৫ অর্জন করেছে। ফলে প্রতিষ্ঠানটি শতভাগ পাশের কৃতিত্ব ধরে রেখেছে।

জেলায় সেরা পাঁচ শিক্ষাপ্রতিষ্ঠানের তালিকায় রয়েছে: জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ (মেহেরপুর): পরীক্ষার্থী ছিল ১২০ জন, জিপিএ-৫ পেয়েছে ৫০ জন, পাশের হার শতভাগ। দ্বিতীয় অবস্থানে আছে সন্ধানী স্কুল অ্যান্ড কলেজ (গাংনী) পরীক্ষার্থী ছিল ১৩৮ জন, জিপিএ-৫ পেয়েছে ৬২ জন, পাশ করেছে ১৩৬ জন, পাশের হার ৯৮.৫৫ ভাগ। এর পরের রয়েছে জোড়পুকুরিয়া মাধ্যমিক

২-এর পৃষ্ঠা দেখুন

# বিডিটি মাধ্যমিক বিদ্যালয়ে ১৮ বছর পরে চাকরিতে হাইকোর্ট বলল ভুয়া

## শিক্ষক বললেন 'প্রয়োজন মনে করিনি'

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের গাংনী উপজেলার করমদি গ্রামের বিডিটি মাধ্যমিক বিদ্যালয়ে নিয়োগের ১৮ বছর পর তিন শিক্ষক বিদ্যালয়ে যোগ দান করেছেন। তবে এ নিয়োগ নিয়ে প্রশ্ন উঠলে শিক্ষা অধিদপ্তর বেতন বন্ধ করে, আর হাই কোট এ নিয়োগ অবৈধ ঘোষণা করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আদেশ দেন। এর পরও তারা এখনও বহাল তবিয়তে বিদ্যালয়ে কাজ করে যাচ্ছে। তবে এ বিষয়ে কিছুই জানেনা বলে জানিয়েছে মেহেরপুর জেলা শিক্ষা অফিস ও গাংনী উপজেলা শিক্ষা অফিস। নিয়োগকৃত এই তিন শিক্ষক হলেন মাছাঃ শেফালি খাতুন, মোছা. শাহানাজ পারভিন ও মো. আল মামুন।

বিদ্যালয়ের শিক্ষক ও অভিভাবকদের অভিযোগ গাংনী উপজেলার করমদি গ্রামের বিডিটি মাধ্যমিক বিদ্যালয় ১৯৯৭ সালে প্রতিষ্ঠিত হয়। এর পর ২০০৪ সালে এমপিওভুক্ত হন। এমপিওভুক্তির আগে বিদ্যালয়ের তৎকালীন প্রধান শিক্ষক মো. এনামুল হক ২০০৪ সালে মোছা. শেফালি খাতুন, মোছা. শাহানাজ পারভিন ও মো. আল মামুনকে সমাজ বিজ্ঞান বিভাগে অতিরিক্ত শাখার শিক্ষক হিসেবে গোপনে নিয়োগ দেন। এর পর ২০২২ সালে তারা বিদ্যালয়ে যোগদানের জন্য আসলে বিষয়টি প্রকাশ পায়। সেই সময় এ তিন শিক্ষকসহ প্রধান শিক্ষক মো. এনামুল হক স্থানীয় আওয়ামী

২-এর পৃষ্ঠা দেখুন





# জন্ম-মৃত্যু নিবন্ধনে খুলনা বিভাগে শীর্ষে মেহেরপুর

## সেরা জেলা প্রশাসক সিফাত মেহনাজ, শ্রেষ্ঠ ইউএনও সদর উপজেলার খায়রুল ইসলাম

নিজস্ব প্রতিবেদক

জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে বিশেষ অবদান রাখায় খুলনা বিভাগের ১০টি জেলার মধ্যে সর্বোচ্চ র‍্যাংকিং অর্জন করেছে মেহেরপুর। খুলনা বিভাগীয় কমিশনারের কার্যালয়ের অধীনে পরিচালিত নিবন্ধন কার্যক্রম মনিটরিং সেলের জুন ২০২৫ মাসের পারফরম্যান্স মূল্যায়নে এই তথ্য

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে মাদক মামলায় একজনের দুই বছরের কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মাদক মামলায় মো. ফকরুল ইসলাম (৩৮) নামে এক ব্যক্তিকে দুই বছরের সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমানা করেছেন আদালত। অনাদায়ে আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।বৃহস্পতিবার (১০ জুলাই) দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মো. শাজাহান আলী এ রায় ঘোষণা করেন।

দণ্ডপ্রাপ্ত ফকরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার বিনোদপুর কাজিকান্দিপাড়া গ্রামের মো. আনোয়ার হোসেনের

২-এর পৃষ্ঠা দেখুন





## গাংনী প্রেসক্লাবের কমিটি গঠন: সভাপতি রেজা, সম্পাদক মাহাবুব

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী প্রেসক্লাবের নতুন দ্বিবার্ষিক কমিটি গঠিত হয়েছে। নতুন কমিটিতে সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন দৈনিক সময়ের আলো পত্রিকার জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজা এবং সাধারণ সম্পাদক হয়েছেন বণিক বার্তার জেলা প্রতিনিধি মাহাবুব আলম। তারা আগের কমিটিতেও একই পদে দায়িত্ব পালন করেন।

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে সরকারি বিদ্যালয়ে পাসের হার নিম্নমুখী

রাব্বি আহম্মেদ

মেহেরপুর জেলার চারটি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে চলতি এসএসসি পরীক্ষার ফলাফল যথেষ্ট উদ্বেগজনক। সরকারি স্কুলগুলোর শিক্ষার মান ও সরকারি অর্থায়নের কার্যকারিতা নিয়ে জোর প্রশ্ন উঠেছে।

সরকারি পরিসংখ্যান অনুযায়ী জেলার সর্বাধিক পরিচিত চারটি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে তিনটির পাসের হার ৮০ শতাংশের নিচে রয়েছে। সবচেয়ে খারাপ অবস্থান গাংনী সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের, যেখানে ৬১ জন পরীক্ষার্থীর মধ্যে মাত্র ৩৩ জন পাস করেছে, পাসের হার ৫৫ শতাংশ। জিপিএ ৫ পেয়েছে মাত্র ২ জন। মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ফলাফলও আশানুরূপ হয়নি। ২৬১ জন পরীক্ষার্থীর মধ্যে ২০৮ জন পাস করেছে, পাসের হার ৭৯.৬৯ শতাংশ। জিপিএ ৫ পেয়েছে মাত্র ৩৯ জন। মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় কিছুটা ভালো ফল দিয়েছে। ২৭০ জন পরীক্ষার্থীর মধ্যে ২২৮ জন পাস করেছে। পাসের হার ৮১.৮৩ শতাংশ। জিপিএ ৫ পেয়েছে ৬০ জন। মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ৮৭ জন পরীক্ষার্থী ছিল, যার মধ্যে ৭৩ জন পাস করেছে। পাসের হার ৮৩ শতাংশ, জিপিএ ৫ পেয়েছে ৭ জন। তুলনামূলকভাবে এই বিদ্যালয়ের ফল ভালো হলেও সরকারি স্কুলগুলোর সামগ্রিক মান নিয়ে প্রশ্ন থেকে যাচ্ছে। সরকারি স্কুলগুলোর বিপরীতে জেলার প্রাইভেট স্কুলগুলো উজ্জ্বল ফলাফল উপস্থাপন করেছে। পাশের হার ও জিপিএ ৫ প্রাপ্তির হার প্রাইভেট স্কুলগুলোতে অনেক বেশি।

এই ফলাফলে অভিভাবক ও শিক্ষাবিদদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। অভিভাবকরা প্রশ্ন তুলেছেন,

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে হেরোইন রাখার দায়ে একজনের দুই বছরের কারাদণ্ড ও অর্থদণ্ড

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে হেরোইন রাখার দায়ে আলফাজ আহম্মেদ (৩৫) নামের এক ব্যক্তিকে দুই বছরের সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত। বৃহস্পতিবার(১০ জুলাই) দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ রায় ঘোষণা করেন।

আদালত সূত্রে জানা গেছে, অর্থদণ্ড অনাদায়ে আলফাজ আহম্মেদকে আরও এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে। রায় ঘোষণার পর তাকে আদালত কক্ষ থেকে জেলহাজতে পাঠানো হয়।

মামলার রাষ্ট্রপক্ষে দায়িত্ব পালন করেন পাবলিক প্রসিকিউটর পারভীনা সুলতানা এবং আসামিপক্ষে ছিলেন অ্যাডভোকেট মীর আলমগীর ইকবাল।

মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০২০ সালের ১১ ডিসেম্বর মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা গ্রামে অভিযান চালায় পুলিশের একটি দল। পরিদর্শক শাহ জালাল খানের নেতৃত্বে রেইডিং টিম আলফাজ আহম্মেদের বসতঘরে অভিযান পরিচালনা করে। অভিযানে খাটের তোশকের নিচে রাখা একটি পলিথিন প্যাকেট থেকে ছোট

২-এর পৃষ্ঠা দেখুন




গতকাল বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে) ও ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) যৌথ উদ্যোগে জুলাই 'ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে সাংবাদিকদের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর

# পুলিশের হুমকিতে তিন শিশু নিয়ে পালিয়ে বেড়াচ্ছেন ধর্ষণের শিকার গৃহবধূ

সূর্যোদয় প্রতিবেদন

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা থানার এক কনস্টেবলের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এনে বিচার চাওয়ায় ভয়াবহ পরিস্থিতির মুখোমুখি হয়েছেন এক গৃহবধূ। ধর্ষণের বিচার না পেয়ে, উল্টো পুলিশের হুমকির মুখে তিনি তাঁর তিন সন্তানসহ পালিয়ে বেড়াচ্ছেন বলে অভিযোগ করেছেন।

বুধবার (১০ জুলাই) রাজধানীর সেগুনবাগিচায় ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশন (ক্র্যাব) মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব অভিযোগ তুলে ধরেন।

লিখিত বক্তব্যে ওই গৃহবধূ জানান, পারিবারিক একটি মামলায় সহযোগিতার কথা বলে আলমডাঙ্গা থানার কনস্টেবল এনামুল হক তাঁর বাসায় যাওয়া-আসা শুরু করেন। এরপর এনামুল তাকে বিয়ের প্রস্তাব দেন। প্রস্তাবে রাজি না হওয়ায় ২০২৪ সালের ১৬ ডিসেম্বর রাতে তাঁর বাসায় ঢুকে জোরপূর্বক ধর্ষণ করেন ওই পুলিশ সদস্য। পরদিন থানায় গিয়ে অভিযোগ জানাতে চাইলে ওসি (তদন্ত) আজগর আলী অভিযোগ নিতে অস্বীকৃতি জানান এবং নানা রকম টালবাহানা করেন। এ অবস্থায় তিনি চুয়াডাঙ্গার তৎকালীন পুলিশ সুপারের কাছে অভিযোগ দিলে কনস্টেবল এনামুল হককে বদলি করা হলেও ধর্ষণের মামলা নেয়নি পুলিশ। এরপরই শুরু হয় আরেক দুঃসহ অধ্যায়। এনামুল হকের নির্দেশে পুলিশের কথিত সোর্সদের দিয়ে তাকে নানাভাবে হয়রানি শুরু করা হয় বলে দাবি করেন ভুক্তভোগী। তার ভাষ্য, চলতি বছরের ২৫ এপ্রিল গুরু দাশের ছেলে মঙ্গল, জাকারিয়ার ছেলে সাচ্চু, দিলীপ কুমারের ছেলে দিপু এবং গৌরের ছেলে রিপন একযোগে তাঁর বাসায় হানা দেয়। তাঁকে আবারও ধর্ষণের চেষ্টা চালানো হয় এবং ১ লাখ টাকা চাঁদা দাবি করে। তিনি আরও জানান, এ ঘটনার পর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে মামলা করলে আদালতের নির্দেশে ১২ মে আলমডাঙ্গা থানায় মামলা রুজু হয়। কিন্তু থানার

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

(খবর :আর কত বয়স হলে মিলবে বয়স্ক ভাত)

বয়স্ক ভাতা পেতে হলে
বয়স কত লাগে
ছুড়ি থেকে বুড়ি হলাম
পড়লোনা কারো চোখে ।
মৃত্যু আমার আগেই হতো
বোনাজ ভাতায় চলি
গাংনী থানার মধ্যপাড়ার
আজীবন বেওয়ার কথা বলি ।
খবর করলো সাংবাদিকরা
মেম্বার চেয়ারম্যানরা ছিল অন্ধ
প্রশাসনের লড়লো টনক
আজীবন বেওয়ার জন্য ।

## এসএসসিতে ফেল করে আত্মহত্যার চেষ্টা

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার এসএসসি পরীক্ষায় ফেল ক?রে আত্মহত্যার চেষ্টা ক?রেছে রাব্বি বিশ্বাস (১৭) নামে একছাত্র । গতকাল বৃহস্পতিবার বিকেল ৩টার দিকে খোকসা উপ?জেলার ওসমানপুর ইউনিয়নের আজইল গ্রামে এ ঘটনা ঘ?টে। সে একই গ্রামের চান্নু বিশ্বাসের ছেলে ও রমানাথপুর কলেজিয়েট স্কুলের মানবিক বিভাগের ছাত্র।

পরিবার সূত্রে জানা গেছে, পরীক্ষায় ফেল করার কথা জানার পর রা?ব্বির মা তা?কে কটু কথা বলে। এরপর সে তার নিজ ঘরে ঘাস মারা বিষ পান করে। বিষয়?টি পরিবারের সদস?্যরা

২-এর পৃষ্ঠা দেখুন

# ডিসম্বরে নির্বাচনের প্রস্তুতির নির্দেশনা প্রশংসার দাবিদার: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় নির্বাচন নিয়ে অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে ডিসেম্বরের মধ্যে প্রস্তুতির যে নির্দেশনা দেওয়া হয়েছে, সেটিকে ইতিবাচক পদক্ষেপ হিসেবে আখ্যায়িত করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, দেশের জনগণ তাদের ভোটাধিকারের জন্য বহু ত্যাগ স্বীকার করেছেন। তাই নির্বাচন নিয়ে আর কোনো জটিলতা তৈরি হবে না বলেই তিনি আশাবাদ ব্যক্ত করেন। বৃহস্পতিবার (১০ জুলাই) জাতীয় প্রেস ক্লাবে ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) ও বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের (বিএফইউজে) যৌথ আয়োজনে 'জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান এবং গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। বক্তব্যে মির্জা ফখরুল জানান, জুলাই গণঅভ্যুত্থানকে বিএনপি খাটো করে দেখে না। বরং এই ঐতিহাসিক ঘটনাকে গুরুত্ব দিয়ে মূল্যায়ন করেই 'জুলাই সনদের' সুপারিশপত্র বুধবার রাতে সরকারের কাছে আনুষ্ঠানিকভাবে জমা দিয়েছে বিএনপি।

তিনি বলেন, "বিএনপি সবসময় জনগণের শক্তিতে বিশ্বাস করে। আমরা রাজনৈতিক সংস্কারকে স্বাগত জানাই। কেউ যদি বলে বিএনপি সংস্কারের পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে, তাহলে সেটা সঠিক ব্যাখ্যা নয়।" গত ১৭ বছরে বিএনপির প্রায় ৬০ লাখ নেতাকর্মীর বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করা হয়েছে এবং ২০ হাজারের বেশি নেতাকর্মীকে হত্যা করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি। এ প্রসঙ্গে তিনি বলেন, "এই ভয়াবহ বাস্তবতা কেউ অস্বীকার করতে পারবে না। যারা অস্বীকার করছেন, তারা গণতন্ত্রের প্রতি চোখ বন্ধ করে রেখেছেন।" সীমান্তে হত্যা ও বাংলাদেশে পুশইনের বিষয়ে বিএনপি মহাসচিব বলেন, "সীমান্তে প্রতিনিয়ত মানুষ নিহত হচ্ছে, পুশইন হচ্ছে। এটি একেবারেই হালকাভাবে নেওয়ার সুযোগ নেই। সরকারকে ভারতের সঙ্গে এই বিষয়ে শক্তভাবে দরকষাকষি করতে হবে।" পাশাপাশি তিনি অভিন্ন নদীর পানিবণ্টন বিষয়ে ভারতের সঙ্গে আন্তরিক আলোচনার আহ্বান জানান। সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রের সম্ভাব্য ৩৫ শতাংশ শুল্ক আরোপের প্রসঙ্গে উদ্বেগ প্রকাশ করে মির্জা ফখরুল বলেন, "এই ধরনের সিদ্ধান্ত দেশের রপ্তানিনির্ভর অর্থনীতির জন্য ধ্বংসাত্মক হতে পারে। বিশেষ করে

২-এর পৃষ্ঠা দেখুন

## জাতীয় নির্বাচনের তদারকির জন্য পাঁচটি উচ্চপর্যায়ের কমিটি গঠন

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সফল ও সুষ্ঠু আয়োজনের লক্ষ্যে নির্বাচন কমিশন (ইসি) গঠন করেছে পাঁচটি উচ্চপর্যায়ের কমিটি। প্রধান নির্বাচন কমিশনারসহ চারজন কমিশনারের নেতৃত্বে গঠিত এই কমিটিগুলো নির্বাচনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তদারকি ও সমন্বয়ের দায়িত্ব পালন করবে। প্রতি কমিটিতে ইসির সিনিয়র সচিব, অতিরিক্ত সচিবসহ সাতজন করে কর্মকর্তা রাখা হয়েছে। এ কমিটিগুলো প্রধানত তফসিল ঘোষণার পর

২-এর পৃষ্ঠা দেখুন

## শাপলা 'প্রতীক' না হলে ধানের শীষও পারবে না: সারজিস

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, শাপলা যদি নির্বাচনি প্রতীক হিসেবে গ্রহণযোগ্য না হয়, তবে ধানের শীষ, পাটপাতা ও তারকার মতো জাতীয় প্রতীকের অংশবিশেষও প্রতীক হিসেবে থাকার যৌক্তিকতা নেই।



বুধবার (১০ জুলাই) দিবাগত রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেইজে দেওয়া এক পোস্টে তিনি বলেন, "শাপলার মতো ধানের শীষ, পাট পাতা এবং তারকাও জাতীয় প্রতীকের অংশ। শাপলা যদি রাজনৈতিক দলের প্রতীক না হতে পারে তাহলে ধানের শীষও প্রতীক হতে পারবে না।"

তিনি আরও বলেন, "জাতীয় ফুল হিসেবে শাপলা প্রতীক হতে

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ২৭ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ১১ জুলাই ২০২৫ইং



## পুষ্টিগুণে ভরপুর লালশাক

সূর্যোদয় প্রতিবেদন

লালশাক সাধারণত বাংলাদেশের প্রতিটি পরিবারের রান্নাঘরে পাওয়া যায়। অনেকেই জানেন, লালশাক রক্তশূন্যতা বা অ্যানিমিয়া দূর করার জন্য খুবই কার্যকর। তবে এটি শুধুমাত্র আয়রনের উৎসই নয়, বরং শিশুর শারীরিক বিকাশ থেকে শুরু করে বৃদ্ধদের স্বাস্থ্যের যত্ন নেয়ার জন্যও বিশেষ ভূমিকা রাখে।

বিশ্লেষণে দেখা গেছে, প্রতি ১০০ গ্রাম লালশাকের মধ্যে প্রায় ৮৮ গ্রাম জলীয় অংশ এবং ১.৬ গ্রাম বিভিন্ন খনিজ পদার্থ রয়েছে। বিশেষ করে লালশাকে বিদ্যমান আয়রন বা লৌহ, ক্যালসিয়াম, ম্যাগনেশিয়াম, দস্তা, পটাশিয়াম ও ফসফরাস শরীরের জন্য অপরিহার্য। এছাড়া এতে প্রচুর ক্যারোটিন রয়েছে, যা চোখের দৃষ্টি রক্ষায় অত্যন্ত কার্যকরী। প্রতি ১০০ গ্রামে ক্যারোটিনের পরিমাণ প্রায় ১২ হাজার মাইক্রোগ্রাম। লালশাকের ভিটামিন সমৃদ্ধিতে রয়েছে ভিটামিন বি১, ভিটামিন বি২ ও ভিটামিন সি। এসব ভিটামিন শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতে সাহায্য করে এবং কোষ্ঠকাঠিন্য কমায়। লালশাকের অ্যান্টি-অক্সিডেন্ট উপাদান বিভিন্ন ধরনের প্রদাহ কমায় এবং ক্যানসার প্রতিরোধেও ভূমিকা পালন করে।

বিশেষজ্ঞদের মতে, লালশাকের নিয়মিত সেবনে রক্তে কোলেস্টেরল কমে, যার ফলে হৃদরোগের ঝুঁকি অনেকাংশে কমে যায়। এছাড়া এতে কম ক্যালরি থাকার কারণে ওজন নিয়ন্ত্রণে সহায়ক ভূমিকা রাখে। দাঁত ও অস্থি গঠনে লালশাকের ক্যালসিয়াম শরীরের জন্য খুবই গুরুত্বপূর্ণ, আর

৩-এর পৃষ্ঠা দেখুন

## কাজে না, কমিশনে আগ্রহ পিআইও মনসুরের!



নিজস্ব প্রতিবেদক

গাংনী উপজেলার প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) মনসুর রহমানের বিরুদ্ধে ভুয়া প্রকল্প দেখিয়ে সরকারি অর্থ আত্মসাৎ, জনপ্রতিনিধিদের কাছ থেকে কমিশন আদায় এবং অফিসে ক্ষমতার অপব্যবহারের গুরুতর অভিযোগ উঠেছে। অভিযোগ রয়েছে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের নামে লাখ লাখ টাকা লোপাট করা হয়েছে।

স্থানীয় সূত্র ও একাধিক ইউপি চেয়ারম্যান ও সদস্যদের অভিযোগ পিআইও মনসুর রহমান ইউনিয়ন পর্যায়ে বরাদ্দকৃত গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজে সরাসরি হস্তক্ষেপ করে থাকেন। তিনি এসব প্রকল্পের বিলের অর্থ থেকে ১০ থেকে ২৫ শতাংশ পর্যন্ত কমিশন দাবি করেন। কেউ কমিশন দিতে না চাইলে বিল আটকে রাখা, কটুক্তি করা এবং ভবিষ্যতের প্রকল্প বরাদ্দ বন্ধের হুমকি দেওয়া হয়।

এক ইউপি সদস্য নাম প্রকাশ না করার শর্তে বলেন, '১০০% কাজ শেষ করলেও কমিশন না দিলে বিল আটকে যায়। মাসের পর মাস ঘুরলেও কোনো কাজ হয় না। প্রতিবাদ করলেই অফিসে অপমান করেন।'

প্রাপ্ত তথ্য মতে, উপজেলার কয়েকটি ইউনিয়নে "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন" প্রকল্পের আওতায় প্রাচীর নির্মাণ, হাঁটার পথ (ওয়াকওয়ে), কালভার্ট নির্মাণসহ একাধিক প্রকল্পের নামে অর্থ উত্তোলন করা হলেও কাজের অগ্রগতি নেই বললেই চলে। গাংনী উপজেলার কাথুলি ও রাইপুর ইউনিয়নের দুটি প্রকল্পে (যথাক্রমে একটি ইটের প্রাচীর নির্মাণ ও একটি চলাচলের রাস্তা মেরামত) কাজ অসম্পূর্ণ অবস্থায় পড়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## এক ইঞ্চি মাটিও হাতছাড়া হবে না: বিজিবি মহাপরিচালক

সূর্যোদয় প্রতিবেদন

বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক (ডিজি) মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী জানিয়েছেন, দেশের সীমান্ত অখণ্ডতা রক্ষায় এক ইঞ্চি মাটিও ছাড়তে দেওয়া হবে না। তিনি বলেন, নবীন সৈনিকরা তাদের দেওয়া নিশ্ছিদ্র নিরাপত্তার মাধ্যমে দেশের মানুষের নিরাপদ ঘুম নিশ্চিত করবে এবং প্রয়োজনে নিজেদের জীবনও উৎসর্গ করতে প্রস্তুত থাকবে।



বৃহস্পতিবার (১০ জুলাই) চট্টগ্রামের সাতকানিয়ার বায়তুল ইজ্জতে বিজিবির ঐতিহ্যবাহী প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিজিবি ট্রেনিং সেন্টার অ্যান্ড কলেজের (বিজিটিসি অ্যান্ড সি) বীরউত্তম মজিবুর রহমান প্যারেড গ্রাউন্ডে ১০৩তম রিক্রুট ব্যাচের নবীন সৈনিকদের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিজিবি মহাপরিচালক। সকালে সাড়ে ৯টায় শুরু হওয়া অনুষ্ঠানে নবীন সৈনিকদের শপথ গ্রহণ ও কুচকাওয়াজের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণ সমাপ্তি ঘোষণা করা হয়। ডিজি মোহাম্মদ আশরাফুজ্জামান নবীন সৈনিকদের উদ্দেশে বলেন, বিজিবি হলো সীমান্তের অতন্দ্র প্রহরী বাহিনী, যারা দেশের ৪,৪২৭ কিলোমিটার দীর্ঘ সীমান্ত সুরক্ষা, সীমান্ত

৩-এর পৃষ্ঠা দেখুন



## আলোচনায় অগ্রসর হওয়া বিষয়গুলো দ্রুত নিষ্পত্তি করতে চায় জাতীয় ঐকমত্য কমিশন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ বলেছেন, আলোচনায় অগ্রসর হওয়া বিষয়গুলো দ্রুত নিষ্পত্তি করতে চায় কমিশন। তিনি মনে করেন, কমিশন ও রাজনৈতিক দলগুলোর মধ্যে লক্ষ্যে কোনো মতভিন্নতা নেই। সবার উদ্দেশ্য একড়াণতান্ত্রিক ও জবাবদিহিমূলক রাষ্ট্র প্রতিষ্ঠা। বৃহস্পতিবার (১০ জুলাই) বেলা সোয়া ১১টায় রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির দোয়েল হলে

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'রাজসাক্ষী' হতে চেয়েছেন সাবেক আইজিপি মামুন

সূর্যোদয় প্রতিবেদন

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনকে ঘিরে সংঘটিত জুলাই-আগস্ট গণহত্যার দায় স্বীকার করে চাঞ্চল্যকর স্বীকারোক্তি দিয়েছেন পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল মামুন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বৃহস্পতিবার (১০ জুলাই) তিনি বলেন, "আমি জুলাই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত। আমি দোষী। আমি আদালতের সামনে সব বিস্তারিত তুলে ধরতে চাই।"

এই বক্তব্যের মধ্য দিয়ে তিনি নিজেকে রাজসাক্ষী হিসেবে পেশ করতে সম্মত হন। তার আইনজীবী ট্রাইব্যুনালের কাছে মামুনের নিরাপত্তা নিশ্চিত করার আবেদন জানালে আদালত জানায়, এ বিষয়ে উপযুক্ত সময়ে আদেশ দেওয়া হবে। বিচারপতি মোঃ গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এ মামুনের পাশাপাশি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালএর বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়। ফলে তিনজনের বিরুদ্ধেই আনুষ্ঠানিক বিচার শুরু হলো। এদিন প্রসিকিউশনের পক্ষে ছিলেন চিফ প্রসিকিউটর



মোহাম্মদ তাজুল ইসলাম এবং পলাতক দুই আসামি শেখ হাসিনা ও আসাদুজ্জামান খানের পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী হিসেবে উপস্থিত ছিলেন অ্যাডভোকেট আমির হোসেন। ট্রাইব্যুনাল প্রথমে

৩-এর পৃষ্ঠা দেখুন



## হামজা-শমিতের অভিষেকেও পিছিয়ে গেল বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

নতুন আশার নাম ছিলেন হামজা চৌধুরী ও শমিত সোম। জাতীয় দলের জার্সিতে প্রথমবার মাঠে নেমেই আলো ছড়িয়েছেন তারা। ভুটানের বিপক্ষে দুর্দান্ত এক জয় দিয়ে অভিষেক হয়েছিল তাদের, তবু শেষ পর্যন্ত ফলটা দাঁড়াল হতাশাজনকই। কারণ ফিফা র‍্যাঙ্কিংয়ে এক ধাপ পিছিয়ে গেল বাংলাদেশ। বৃহস্পতিবার (১০ জুলাই) ফিফা প্রকাশিত সর্বশেষ র‍্যাঙ্কিংয়ে দেখা যায়, বাংলাদেশ এখন অবস্থান করছে ১৮৪তম স্থানে। গেল মার্চে ভারতের সঙ্গে গোলশূন্য ড্র করে ১৮৫ থেকে ১৮৩ নম্বরে উঠেছিল হাভিয়ের কাবরেরার দল। তবে জুন

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাশিয়ার ওপর দ্রুত নিষেধাজ্ঞা আরোপের আহ্বান জেলেনস্কির

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার লাগাতার হামলার পরিপ্রেক্ষিতে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি দেশটির বিরুদ্ধে দ্রুত ও কঠোর নিষেধাজ্ঞা আরোপের জন্য আন্তর্জাতিক মিত্রদের প্রতি আহ্বান জানিয়েছেন। বৃহস্পতিবার ভোররাতে এক সামাজিক যোগাযোগমাধ্যম পোস্টে এ আহ্বান জানান তিনি। খবর এএফপি।

জেলেনস্কি বলেন, "নিষেধাজ্ঞাগুলো হতে হবে তাৎক্ষণিক এবং এমনভাবে কার্যকর, যাতে রাশিয়া তাদের সন্ত্রাসী কর্মকাণ্ডের প্রকৃত মূল্য চোকাতে বাধ্য হয়।" তিনি জানান, গত রাতভর ইউক্রেনের বিভিন্ন শহরে রাশিয়া অন্তত ১৮টি ক্ষেপণাস্ত্র এবং প্রায় ৪০০টি আক্রমণাত্মক ড্রোন দিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন



## ইসরায়েলি কর্মকর্তার সঙ্গে আল শারার গোপন আঁতাত ফাঁস

সূর্যোদয় প্রতিবেদন

সিরিয়ার প্রেসিডেন্ট আহমেদ আল শারার ইসরায়েলের এক শীর্ষ নিরাপত্তা কর্মকর্তার সঙ্গে গোপন বৈঠকের তথ্য ফাঁস হয়েছে । সংযুক্ত আরব আমিরাতে অনুষ্ঠিত এই বৈঠক মধ্যপ্রাচ্যের কূটনৈতিক অঙ্গনে আলোড়ন সৃষ্টি করেছে।

বৃহস্পতিবার (১০ জুলাই) লেবাননের প্রভাবশালী সংবাদমাধ্যম আল-মায়াদিন টিভি এক প্রতিবেদনে জানায়, সিরিয়ার প্রেসিডেন্ট আল শারা ও ইসরায়েলের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা তজাচি হানেগবি গত বুধবার সংযুক্ত আরব আমিরাতের রাজধানী আবুধাবিতে একটি গোপন বৈঠকে মিলিত হন। কূটনৈতিক সূত্রের বরাত দিয়ে প্রতিবেদনে বলা

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশের বিশ্বাসযোগ্য বন্ধু ও অংশীদার হতে চায় চীন: ওয়াং ই

সূর্যোদয় প্রতিবেদন

মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে অনুষ্ঠিত আসিয়ান সদস্যদেশগুলোর শীর্ষ কূটনীতিকদের সম্মেলনের ফাঁকে চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেনের সঙ্গে এক দ্বিপাক্ষিক বৈঠকে দেশের প্রতি চীনের সমর্থন ও অংশীদারিত্বের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

৩-এর পৃষ্ঠা দেখুন



## গণহত্যার দায়ে ইসরাইলকে অভিযুক্ত করল স্পেন

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনে ইসরাইলি হামলা ও মানবিক বিপর্যয়কে 'গণহত্যা' হিসেবে অভিহিত করেছেন স্পেনের ৩-এর পৃষ্ঠা দেখুন

## এআই প্রযুক্তির কল্যাণে ১৮ বছরের বন্ধ্যত্বের অবসান

সূর্যোদয় প্রতিবেদন

টানা ১৮ বছর ধরে সন্তান ধারণের চেষ্টা করেও ব্যর্থ হচ্ছিলেন এক দম্পতি। অবশেষে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)-এর সহায়তায় তারা সন্তান ধারণে সফল হয়েছেন। নাম প্রকাশ না করা এই দম্পতি বিশ্বের বিভিন্ন দেশে বারবার আইভিএফ (ইন ভিট্রো ফার্টিলাইজেশন) পদ্ধতির মাধ্যমে সন্তান নেওয়ার চেষ্টা করেছিলেন, কিন্তু প্রত্যেকবারই ব্যর্থ হন। ব্যর্থতার মূল কারণ ছিল পুরুষ সঙ্গীর অ্যাজোস্পারমিয়া নামক একটি বিরল রোগ। এই রোগে আক্রান্ত ব্যক্তির বীর্যে কোনো পরিমাপযোগ্য শুক্রাণু পাওয়া যায় না। একটি স্বাভাবিক স্বাস্থ্যকর বীর্য নমুনায় প্রতি মিলিলিটারে লাখ লাখ শুক্রাণু থাকে, কিন্তু ওই পুরুষ সঙ্গীর তেমনটা ছিল না। সব চেষ্টা ব্যর্থ হওয়ার পর দম্পতি যুক্তরাষ্ট্রের কলম্বিয়া ইউনিভার্সিটি ফার্টিলিটি সেন্টার (সিইউএফসি)-এর দ্বারস্থ হন। সেখানে তারা নতুন একটি পদ্ধতি প্রয়োগের মাধ্যমে আশার আলো দেখতে পান। এই পদ্ধতির নাম 'স্টার' যা এআই প্রযুক্তি ব্যবহার করে পুরুষদের লুকানো শুক্রাণু শনাক্ত করে। সিএনএন-এর প্রতিবেদনে বলা হয়, এআই-চালিত এই স্টার পদ্ধতির মাধ্যমে গবেষকরা পুরুষ সঙ্গীর



৩-এর পৃষ্ঠা দেখুন




## দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট ইউন সুক-ইওল ফের গ্রেফতার

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট ইউন সুক-ইওল আবারও গ্রেফতার হয়েছেন। সামরিক অভ্যুত্থানের মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়া ব্যাহত করার চেষ্টার অভিযোগে বৃহস্পতিবার (১০ জুলাই) তাকে রাজধানী সিউল থেকে আটক করা হয়। আদালতের নির্দেশে তাকে রাখা হয়েছে সিউল ডিটেনশন সেন্টারে, যেখানে তিনি এর আগেও কারাভোগ করেছিলেন।

প্রসঙ্গত, গত ৩ ডিসেম্বর, তখনকার ক্ষমতাসীন প্রেসিডেন্ট ইউন সুক-ইওল বেসামরিক সরকারকে উৎখাত করতে উদ্যোগী হন। তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন




ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শুক্রবার, ১১ জুলাই ২০২৫ ইং

## বয়স্ক ভাতা: সরকারি সহায়তার ন্যূনতম মানবিক দায়িত্ব

গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের আজিমন বেওয়ার জীবন গল্প হৃদয়বিদারক। প্রায় ১৩০ বছর বয়সী একজন প্রবীণ নারী, যিনি আজও কঠিন অভাব-অনটনে দিন কাটাচ্ছেন। অথচ এত দীর্ঘ জীবনের পরও তার কপালে জোটেনি বয়স্ক ভাতার কার্ড, না পেয়েছেন কোনো সরকারি সহায়তা। এ ঘটনায় শুধু ব্যক্তিগত নয়, রাষ্ট্রীয় দায়িত্বেরও বড় প্রশ্ন ওঠে। সরকারি নিয়মে বয়স্ক ভাতার জন্য বয়সসীমা ৬০ বছর। তবে বাস্তবে অনেকে আছেন যারা নানা কারণে সুবিধার বাইরে থেকে যান। বিশেষ করে প্রত্যন্ত গ্রামে অথবা দরিদ্র পরিবারের প্রবীণরা যারা স্ব স্ব জায়গায় সাহায্য পেতে পারছেন না, তাদের সঠিক শনাক্তকরণ ও সহায়তা নিশ্চিত করাই সরকারি প্রথম কাজ হওয়া উচিত। আজিমন বেওয়ার পরিবার ও প্রতিবেশীদের অভিযোগ যথার্থ স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের উদাসীনতার ফলে এতদিন তার নাম তালিকায় আসেনি। এটি শুধু একটি ব্যক্তির অবহেলা নয়, বরং একটি বড় সামাজিক ব্যর্থতা, যা আমাদের সহানুভূতি ও ন্যায়বিচারের মানদণ্ডের ওপর আঘাত করে। সরকারি সহায়তা ব্যবস্থা যতই থাকুক না কেন, যদি তা পৌঁছাতে না পারে প্রকৃত দরিদ্র ও অসহায়ের কাছে, তাহলে সেবার অর্থ হয় না। বয়স্ক ভাতা কার্ড শুধু একটি সামাজিক নিরাপত্তা নয়, এটি জীবনের শেষ অধ্যায়ে মানবিক মর্যাদা রক্ষার অন্যতম মাধ্যম। অতএব, আজিমন বেওয়ার মতো প্রবীণদের সহায়তায় স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের দ্রুত ও কার্যকর ভূমিকা নিতে হবে। বয়স্ক ভাতার তালিকা তৈরি ও হালনাগাদে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। সমাজ ও রাষ্ট্রের দায় হলো বয়স্কদের পাশে দাঁড়ানো, তাদের শেষ দিনগুলো ভালো কাটানোর ব্যবস্থা করা। বয়স্ক ভাতার কার্ডের বয়সসীমা না দেখেই দরিদ্র ও অসহায় মানুষজনের জন্য কার্যকর সহযোগিতা নিশ্চিত করতে হবে। এটি শুধু নৈতিক কর্তব্য নয়, মানবাধিকারের অপরিহার্য অংশ। আজিমন বেওয়ার করুণ কাহিনী আমাদের স্মরণ করিয়ে দেয়, সরকারি সহায়তা যে কোনও মানুষের জন্যই, বঞ্চিত কেউ যেন না থাকে এটাই প্রকৃত গণতন্ত্র ও সমাজকল্যের ভিত্তি।

## বিডিটি মাধ্যমকি বিদ্যালয়ে ১৮ বছর

লীগ নেতাদের ম্যানেজ করে বিদ্যালয়ে ক্লাসনিতে শুরু করে ও নিয়মিত সরকারি অংশের বেতন ভাতা ভোগ করতে থাকে। এর পর গত ৫ আগস্টের পর তদন্তে নিয়োগ ভুয়া প্রমাণিত হলে তিনজনের এমপিও বাতিল এবং ভুয়ো নিয়োগ দারে অপরাধে প্রধান শিক্ষকের বেতন বন্ধ করে শিক্ষা অধিদপ্তর। পরে অভিযুক্তরা এমপিও ফিরে পাওয়ার জন্য হাইকোর্টে রিট করেন। হাইকোর্টও নিয়োগ ভুয়া বলে রায় দেয় এবং তাদের আবেদন খারিজ করে দিয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের আদেশ দেন। তবে ভুয়া নিয়োগে ১৬ মাস যে বেতন গ্রহণ করেছেন সে বিষয়ে কোন পদক্ষেপ নেওয়া হয়নি। এমনকি হাইকোর্টের রায় উপেক্ষা করে এখনো মোছা. শাহানাজ পারভিন ও মোঃ আলমামুন বিদ্যালয়ে কর্মরত আছেন। এই ঘটনায় বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে। বিদ্যালয়ে ভুয়া নিয়োগ প্রাপ্ত শিক্ষক শাহানাজ পারভিন বিদ্যালয়ে যোগ দান না করা প্রসঙ্গে বলেন, ১৮ বছর বিদ্যালয়ের যোগদান করার প্রয়োজন মনে করেনি তাই যোগদান করেনি। বর্তমানে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মজিবর রহমান বলেন, " প্রধান শিক্ষক এনামুল হকের এই অপরাধে এমপিও স্থগিত হয়েছে। তিনি আর বিদ্যালয়ে আসেন না। আমাকেও বিদ্যালয়ের কাগজপত্র বুঝিয়ে না দিয়ে তালা মেরে রেখেছেন, তায় প্রশাসনিক ব্যবস্থা নিতে পারছি না।" তিনি আরও জানান, 'অতিরিক্ত শাখা চালু করার মতো পর্যাপ্ত শিক্ষার্থী বিদ্যালয়ে নেই। কেননা আমাদের বিদ্যালয়ে সর্ব মোট শিক্ষার্থীর সংখ্যায় ১৮০ জন। একটি শাখা করতে লাগে ৯০ জন।"

বিদ্যালয় পরিচালনা কমিটির নতুন সভাপতি সবুজ রানা জানান, " ভুয়া নিয়োগ প্রমাণিত হওয়ায় তাদের বেতন বন্ধ তারপরেও তারা নিয়মিত বিদ্যালয়ে আসছে। শুনেছি প্রধান শিক্ষক সহ তিনজনের বেতন আবার চালু হচ্ছে। এখানে আমি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে লিখিত অভিযোগ করেছি।" পূর্বের সভাপতি রিকাত হোসেন বলেন আসি এসে দেখি তারা যোগদান করে ফেলেছেন, তবে ২০০৪ সালে নিয়োগে ২২ সালে কীভাবে যোগদান করলো বিষয়টা আমার জানা নেয়। ৫ ই আগস্টের পরে আমার কাছ থেকে সভাপতির দায়িত্ব চলে যায় উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে । এসময় বিষয়টি তদন্ত হয় ও তাদের এমপিও ভুক্ত স্থগিত হয়। মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মনিরুল ইসলাম জানান, "আমি গাংনীর অতিরিক্ত দায়িত্বে আছি, বিষয়টি আমার জানা নেই। তবে খাঁজ নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## জিনিয়াস ল্যাবরেটরির জয়ে উজ্জ্বল

বিদ্যালয় (গাংনী): পরীক্ষার্থী ছিল ১০৪ জন, জিপিএ-৫ পেয়েছে ২০ জন, পাশ করেছে ১০১ জন, পাশের হার ৯৭.১১ ভাগ। চতুর্থ আবস্থানে আছে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, পরীক্ষার্থীর সংখ্যা ২৭০ জন, জিপিএ-৫ পেয়েছে ৬০ জন, পাশ করেছে ২২৮ জন, পাশের হার ৮১.৮৩ ভাগ। শেষ পাঁচ এ রয়েছে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পরীক্ষার্থীর সংখ্যা ২৬১ জন, জিপিএ-৫ পেয়েছে ৩৯ জন, পাশ করেছে ২০৮ জন, পাশের হার ৭৯.৬৯ ভাগ। তবে উদ্বেগজনক বিষয় হলো, এ বছর গাংনী ও মুজিবনগর উপজেলার কোনো সরকারি মাধ্যমিক বিদ্যালয় সেরা পাঁচের তালিকায় স্থান পায়নি। সরকারি স্কুলগুলোর পারফরম্যান্স তুলনামূলকভাবে পিছিয়ে থাকার কারণে জেলা শিক্ষা প্রশাসনের পক্ষ থেকে বিশেষ পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। শিক্ষা বিশেষজ্ঞরা বলছেন, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলো শিক্ষার মান ধরে রাখতে ব্যাপক গুরুত্ব আরোপ করছে, যার কারণে তারা ভালো ফলাফল করছে। অন্যদিকে, সরকারি বিদ্যালয়গুলোর শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন অবকাঠামোগত ও প্রশাসনিক পরিবর্তনের মাধ্যমে দ্রুত মনোযোগ দেওয়ার দাবি জানাচ্ছেন সংশ্লিষ্টরা।

## মেহেরপুরে মাদক মামলায় একজনের

ছেলে। মামলায় রাষ্ট্রপক্ষে দায়িত্ব পালন করেন পাবলিক প্রসিকিউটর (পিপি) পারভীনা সুলতানা এবং আসামিপক্ষে ছিলেন অ্যাডভোকেট মিয়াজান আলী। মামলার এজাহার সূত্রে জানা যায়, ২০১৯ সালের ৫ ডিসেম্বর সকাল সাড়ে ৭টার দিকে গাংনী থানার এসআই (নিঃ) আলী রেজা সঙ্গীয় ফোর্সসহ সাহেবনগর গ্রামের বাকেরঘোনা এলাকার একটি ফলের দোকানের সামনে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালান। সেখানে দুই ব্যক্তি গাঁজা ক্রয়-বিক্রয়ে লিপ্ত ছিল বলে তথ্য ছিল পুলিশের কাছে। অভিযানে পুলিশ ফকরুল ও শাহিন হোসেন নামের দুইজনকে আটক করে। পরে জিজ্ঞাসাবাদে তাদের ট্রলি ব্যাগ তল্লাশি করে ফকরুলের ব্যাগ থেকে ৪ কেজি এবং শাহিনের ব্যাগ থেকেও ৪ কেজি গাঁজা উদ্ধার করা হয়। রায় ঘোষণার সময় আসামি ফকরুল ইসলাম আদালতে উপস্থিত ছিলেন। তবে মামলার অপর আসামি শাহিন হোসেন পলাতক রয়েছেন বলে জানা গেছে।

## মেহেরপুরে সরকারি বিদ্যালয়ে পাসের

সরকারি স্কুলে যেখানে সরকারি সুবিধা ও অবকাঠামো রয়েছে, সেখানে কেন শিক্ষার মান এত নিচে? আবার তুলনামূলক কম সুযোগ-সুবিধার প্রাইভেট স্কুলগুলো কীভাবে এত ভালো ফলাফল দিতে পারছে? অভিভাবক শামসুজ্জামান বলেন, "বছর ধরে সরকারি স্কুলগুলোর শিক্ষার মান নিয়ে প্রশ্ন উঠলেও কোনও পরিবর্তন দেখা যায় না। শিক্ষকরা দায়িত্বশীল নয়, ক্লাস হয় ঠিকমতো না, পড়াশোনার পরিবেশ নেই। এখন বোর্ড পরীক্ষার ফলাফলে তার প্রভাব স্পষ্ট।" সরকারি স্কুলগুলোর প্রধান শিক্ষকদের সঙ্গে যোগাযোগ করা হলেও কেউ বক্তব্য দিতে রাজি হননি। জেলার মাধ্যমিক শিক্ষা অফিসের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, "সরকারি স্কুলগুলোর একাংশে শিক্ষকদের দায়বোধ কমে গেছে। নিয়োগ, বদলি ও প্রশাসনিক শৈথিল্য এই সমস্যার মূল কারণ। পাশাপাশি অভিভাবকরা সন্তানদের প্রাইভেট স্কুলে পাঠানোর কারণে সরকারি স্কুলে মেধাবী ছাত্রছাত্রী কমছে।" সন্ধানী স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক হাবিবুর রহমান জানান, "আমরা প্রতিটি শিক্ষার্থীর জন্য মাসিক মূল্যায়ন চালু করেছি, ক্লাসে উপস্থিতি নিশ্চিত করা হয় এবং দুর্বল ছাত্রদের জন্য আলাদা ক্লাস নেওয়া হয়। এজন্য আমাদের ফলাফল ভালো।" জেলা শিক্ষা অফিসার আনুষ্ঠানিক মন্তব্য করতে রাজি হননি।

শিক্ষাবিদরা মনে করেন, এই ফলাফল জেলা প্রশাসন, শিক্ষা অফিস ও বিদ্যালয় পরিচালনা কমিটির জন্য গুরুত্বপূর্ণ সতর্কবার্তা। দীর্ঘদিন ধরে সরকারি বিদ্যালয়ে শিক্ষার মান অবনতির পাশাপাশি শিক্ষক অনুপস্থিতি, নিয়োগে অনিয়ম ও প্রশাসনিক দুর্বলতা এক গভীর সংকটের লক্ষণ।

## মির্জা ফখরুল

পোশাকশিল্প বড় ধরনের হুমকিতে পড়বে। সরকারকে এ বিষয়ে

# ননক্যাডরি নিয়োগ ও পিএসসি'র ফ্যাসিজম

মালিহা খানম

বাংলাদেশের সরকারি নিয়োগ ব্যবস্থা দীর্ঘকাল ধরে যে কয়েকটি প্রতিষ্ঠানের উপর নির্ভর করে চলে, তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি)। এই সংস্থার প্রধান দায়িত্ব হলো মেধা, ন্যায্যতা এবং স্বচ্ছতার ভিত্তিতে জনবল নিয়োগ নিশ্চিত করা। কিন্তু সাম্প্রতিক বছরগুলোতে বিশেষ করে বিসিএস থেকে নন-ক্যাডার নিয়োগ প্রক্রিয়ায় পিএসসি'র ভূমিকা ও নিরপেক্ষতা নিয়ে গুরুতর প্রশ্ন উঠেছে।

এই লেখায় আমরা আইন, বিধিমালা এবং বাস্তব ঘটনার আলোকে পিএসসি কর্তৃক বিসিএস নন-ক্যাডার নিয়োগে কীভাবে শর্ত ভঙ্গ, রাজনৈতিক প্রভাব এবং প্রশাসনিক বিশৃঙ্খলা তৈরি হয়েছে, তা পর্যালোচনা করব।

২০১০ সালে প্রণীত "বিসিএস নন-ক্যাডার নিয়োগ (বিশেষ) বিধিমালা"-এর ৪(১) ধারায় স্পষ্টভাবে বলা হয়: "কমিশন, সরকারের নিকট থেকে ক্যাডার পদের সহিত নন-ক্যাডার শূন্য পদে নিয়োগের অনুরোধ প্রাপ্তি সাপেক্ষে বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে পূরণযোগ্য নন-ক্যাডার শূন্য পদের বিবরণ ও সংখ্যা প্রকাশ করিবে।" অর্থাৎ, সরকারি দপ্তর যদি পিএসসি'র কাছে চাহিদাপত্র পাঠায় এবং সেটা যদি কোনো বিসিএসের সময়সীমার মধ্যে পড়ে, তবে সেই বিসিএসের বিজ্ঞপ্তিতেই নন-ক্যাডার পদের বিবরণ উল্লেখ করা বাধ্যতামূলক। কিন্তু ২০১০ সালের বিধিমালা কার্যকর হওয়ার পরপরই ৩১, ৩২, ৩৩ এবং ৩৪তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ পায়। কিন্তু এসব বিজ্ঞপ্তিতে কোনো নন-ক্যাডার পদের সুনির্দিষ্ট বিবরণ ছিল না। পরবর্তীতে দেখা যায়, এসব বিসিএসের ফলাফলের পর কিছু প্রার্থীদেরকে নন-ক্যাডার পদে নিয়োগ দেওয়া হয়েছে। ২০১৪ সালে বিধিমালায় একটি নতুন ধারা সংযোজন করা হয় (৪(৩)): "২৮, ২৯, ৩০, ৩৩ ও ৩৪ তম বিসিএস-এর বিজ্ঞপ্তিতে বিধি অনুযায়ী নন-ক্যাডার পদের বিবরণ উল্লেখ না থাকিলে ও সরকার কর্তৃক পদের বিবরণ ও সংখ্যা উল্লেখক্রমে কমিশনকে অনুরোধ করা হইলে, এই বিধিমালার অধীন প্রদত্ত সুবিধাদি প্রযোজ্য হইবে।" এই সংযোজন আসলে পূর্বের অনিয়মকে "পশ্চাদ্ভাবে বৈধতা" দেওয়ার শামিল। এখানে প্রশ্ন আসে একটি রাষ্ট্রীয় নিয়োগ বিধি কি অনিয়ম আড়াল করতে ব্যবহৃত হবে? ২০১৭ সালের ২০ জুন ৩৮তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়, যেখানে নন-ক্যাডার পদের কোনো বিবরণ ছিল না। অথচ ২০১৮ ও ২০১৯ সালে বিভিন্ন দপ্তর থেকে শূন্য পদের চাহিদা পাঠানোর পর দেখা যায়, ৩৮তম বিসিএস থেকেই নন-ক্যাডার নিয়োগ সম্পন্ন করা হয়েছে। বিধি অনুযায়ী এই নিয়োগ ৪১তম বিসিএস থেকে হওয়ার কথা ছিল, কিন্তু তা হয়নি। এমনকি জানা গেছে, নিয়োগের ক্ষেত্রে পিএসসি নিজেরাই দপ্তরগুলোকে চাহিদাপত্র পাঠাতে অনুরোধ করে, যাতে তারা ৩৮তম বিসিএসের উত্তীর্ণদের দিয়ে পদ পূরণ করতে পারে। আরো আশঙ্কাজনক বিষয় হলো, অভিযোগ রয়েছে নিয়োগ পাওয়া ব্যক্তিদের মধ্যে অনেকেই ছিলেন ছাত্ররাজনীতিতে সংশ্লিষ্ট, বিশেষ করে ছাত্রলীগের সাবেক নেতাকর্মী। যাদেরকে মূল ক্যাডার সার্ভিসে স্থান দেওয়া সম্ভব হয়নি, তাদেরকে নন-ক্যাডার পদের মাধ্যমে সরকারি দপ্তরে ঢোকানোর চেষ্টা হয়েছে। এমনকি যাদের প্রকৌশল বিষয়ে ডিগ্রি নেই বা পাশ করেননি, তাদেরকেও প্রকৌশল পদে নিয়োগের অভিযোগ রয়েছে। (অসমাপ্ত)

(প্রশাসনিক নীতিবিষয়ক বিশ্লেষক)

# ঋণ গ্রহণের ইসলামী নীতিমালা

জাওয়াদ তাহের

মানুষের জীবনযাত্রায় অনেক সময় এমন পরিস্থিতি আসে যখন আর্থিক সংকটের কারণে অন্য কারো সাহায্য ছাড়া চলা সম্ভব হয় না। এই সাহায্যের অন্যতম মাধ্যম হলো ঋণ। ইসলাম ঋণকে শুধুমাত্র আর্থিক লেনদেন হিসেবে দেখে না, বরং এটিকে নৈতিক ও ধর্মীয় দায়বদ্ধতার একটি অংশ হিসেবে গ্রহণ করে।

ঋণ গ্রহণ ও প্রদানের ক্ষেত্রে ইসলাম কিছু গুরুত্বপূর্ণ নীতিমালা নির্ধারণ করেছে, যা ব্যক্তিগত জীবনে ন্যায়পরায়ণতা ও সামাজিক সম্পর্কের মর্যাদা রক্ষা করে। ইসলাম ঋণকে এক ধরনের আমানত মনে করে, যার সঠিক পরিচালনা মানুষকে আল্লাহর সন্তুষ্টির কাছাকাছি নিয়ে যায়। প্রথমত, অতিরিক্ত প্রয়োজন ছাড়া ঋণ গ্রহণ থেকে বিরত থাকা উচিত। অনেক সময় মানুষ প্রয়োজনের বাইরে ইচ্ছাপূরণের জন্য ঋণ নেন, যা ইসলামে অনুমোদিত নয় এবং গুনাহের কারণ হতে পারে। অর্থাৎ, জীবনের প্রয়োজনীয় খরচ পূরণে ঋণ নেয়া যায়, কিন্তু মোটা অংকের বিলাসবহুল বা নাজায়েজ খরচের জন্য ঋণ নেয়া হারাম। দ্বিতীয়ত, ঋণের লেনদেন অবশ্যই লিখিত হওয়া উচিত। আল্লাহ তায়ালা কুরআনে মুসলিমদের প্রতি নির্দেশ দিয়েছেন যে, যখনই কারো কাছ থেকে নির্দিষ্ট সময়ের জন্য ঋণ গ্রহণ করা হয়, তখন তা লিখে রাখা আবশ্যক। কারণ এটি দ্বন্দ্ব এড়ায়, সবার অধিকার রক্ষা করে এবং ন্যায়বিচারের পথ সুগম করে। তৃতীয়ত, সুদ লেনদেন ইসলামে কঠোরভাবে নিষিদ্ধ। সুদ গ্রহণ ও প্রদানকারী, এমনকি সুদের লেনদেন লিখে রাখা ও সাক্ষী হওয়া সবাই আল্লাহর লানতে পরিণত। সুদ একটি অন্যায় ও শোষণমূলক অর্থনৈতিক ব্যবস্থা, যা মুমিনদের থেকে দূরে রাখতে ইসলামের এই নিষেধাজ্ঞা এসেছে। চতুর্থত, ঋণ গ্রহণের সময় পরিশোধের দৃঢ় নিয়ত থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি শুধু নৈতিক দায়িত্ব নয়, বরং আল্লাহর সাহায্য লাভেরও একটি মাধ্যম। নবীজী (সা.) বলেছেন, যিনি ঋণ গ্রহণ করে তা দ্রুত পরিশোধের নিয়ত রাখেন, আল্লাহ তায়ালা তার জন্য পরিশোধের উপায় সৃষ্টি করেন। পঞ্চমত, ঋণ পরিশোধে গড়িমসি বা বিলম্ব করা জুলুম হিসেবে বিবেচিত। বিশেষ করে যখন ঋণগ্রহীতার কাছে পরিশোধের সামর্থ্য থাকে, তখন ঋণ না দেয়া অন্যায় ও অন্যকে ক্ষতিগ্রস্ত করার শামিল। ষষ্ঠত, ঋণ দাবির সময় নম্রতা ও সৌম্য আচরণ বজায় রাখা উচিত। রূঢ় আচরণ সম্পর্কের অবনতি ঘটায় এবং আল্লাহর রহমত থেকে বঞ্চিত করে। রাসুলুল্লাহ (সা.) নিজেও ক্রয়-বিক্রয় এবং ঋণ দাবির সময় নরম ব্যবহার করতেন। সপ্তমত, যদি ঋণগ্রহীতা অর্থনৈতিক সংকটে থাকে, তাকে যথাসম্ভব সময় দেওয়া উচিত। এটি মানবিকতার পরিচয় এবং ইসলামের শিক্ষা অনুযায়ী দয়ার প্রতিফলন। আল্লাহ তা'য়ালা বলেন, অসচ্ছল ঋণগ্রহীতাকে সচ্ছলতা না আসা পর্যন্ত সময় দেয়া উচিত। অষ্টমত, সামর্থ্য থাকলে ঋণ পুরো বা আংশিক মাফ করে দেওয়া খুবই উত্তম এবং এটি আল্লাহর বরকতের কারণ। এতে ঋণগ্রহীতার প্রতি সহানুভূতি প্রকাশ পায় এবং সমাজে মমতা বাড়ে। নবমত, ঋণগ্রহীতার জন্য বিশেষ দোয়া রয়েছে, যা নবীজী (সা.) শিখিয়েছেন। এই দোয়া পড়ার মাধ্যমে আল্লাহর সাহায্য কামনা করা হয়, যাতে ঋণ পরিশোধে সহজতা ঘটে। দশমত, ঋণগ্রহীতা যখন তার দায়িত্ব পালন করে ঋণ পরিশোধ করেন, তখন ঋণদাতার জন্য দোয়া করা সুন্নাহ। এতে বরকত ও খুশি বর্ষিত হয় উভয় পক্ষের জীবনে।

সর্বোপরি, ঋণ গ্রহণ ও প্রদানে ইসলামী নীতিমালা মেনে চললে সমাজে বিশ্বাস ও ভালোবাসার বন্ধন দৃঢ় হয়, আর্থিক লেনদেনে স্বচ্ছতা আসে এবং দুনিয়া-আখিরাতে শান্তি ও সফলতা অর্জিত হয়। তাই আমাদের উচিত সুদের ভয় থেকে বাঁচা, ঋণ নেয়ার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন এবং মানুষের অধিকার রক্ষায় সর্বদা সচেতন থাকা।

কূটনৈতিকভাবে জোরালো ভূমিকা রাখতে হবে।" আলোচনায় বিএনপি মহাসচিব গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় জাতীয় ঐক্যের প্রয়োজনীয়তার কথা তুলে ধরে বলেন, "এই মুহূর্তে বিভক্তির নয়, বরং একটি অন্তর্ভুক্তিমূলক, স্বচ্ছ ও অংশগ্রহণমূলক রাজনৈতিক পরিবেশ গড়ে তুলতে হবে।"

আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন, "রাজনীতিক দল, জনগণ ও গণমাধ্যমড়এই তিনটি শক্তি রাষ্ট্র গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। আমাদের মধ্যে মতপার্থক্য থাকতে পারে, বিতর্কও হতে পারে, কিন্তু দলগত ও ব্যক্তিগত বিভেদ-আক্রোশ চলতে থাকলে জাতীয় ঐক্য দুর্বল হবে।" ঢাকা সাংবাদিক ইউনিয়নের সাবেক সভাপতি ও দৈনিক যুগান্তরের সম্পাদক আবদুল হাই শিকদার আলোচনা সভার শুরুতে জুলাই বিপ্লবে শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, "গত ১৫ বছর ধরে যারা ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে নির্যাতনের শিকার হয়েছেন, তাদের সকলের ত্যাগ জাতির কাছে স্মরণীয় হয়ে থাকবে।" পরে তিনি তার লেখা কবিতা 'জুলাই বাংলাদেশ' আবৃত্তি করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আবদুস সালাম, বিএনপি নির্বাহী কমিটির সদস্য মাইনুল ইসলাম, নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না, জাতীয় প্রেস ক্লাবের সভাপতি ও কালের কণ্ঠের সম্পাদক কবি হাসান হাফিজ, বিএফইউজের ভারপ্রাপ্ত সভাপতি ওবায়দুর রহমান শাহীন, মহাসচিব কাদের গণি চৌধুরী, দৈনিক আমার দেশের নির্বাহী সম্পাদক সৈয়দ আবদাল রহমান, জাতীয় প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ইলিয়াস খান, বিএফইউজের সহ-সভাপতি একেএম মহসিন ও ডিইউজের সাংগঠনিক সম্পাদক সাঈদ খান প্রমুখ।

## শাপলা 'প্রতীক' না হলে ধানের

আইনগত কোনো বাধা নেই। কারণ জাতীয় ফল কাঁঠাল অলরেডি মার্কা হিসেবে আছে। আর যদি মার্কা দেখেই ভয় পান, তাহলে সেটা আগে থেকেই বলেন!" সারজিস আলমের এই বক্তব্য এমন এক সময় এসেছে যখন নির্বাচন কমিশন (ইসি) 'শাপলা' প্রতীককে নির্বাচনি প্রতীক হিসেবে তফসিলভুক্ত না করার সিদ্ধান্ত নিয়েছে। নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ একথা জানিয়ে বলেন, "জাতীয় প্রতীক ও জাতীয় পতাকার সম্মান রক্ষার্থে আইন রয়েছে। তবে জাতীয় ফুল বা ফলের বিষয়ে আইন নেই। এসব দিক বিবেচনায় শাপলাকে তফসিলভুক্ত না করার নীতিগত সিদ্ধান্ত হয়েছে।" উল্লেখ্য, নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সম্প্রতি ইসিতে নিবন্ধনের জন্য আবেদন করে এবং পছন্দের প্রতীক তালিকায় প্রথমে 'শাপলা' উল্লেখ করে। তাদের তালিকায় আরও রয়েছে 'কলম' ও 'মোবাইল ফোন'। অন্যদিকে, নাগরিক ঐক্যও 'শাপলা' প্রতীক চাইলেও দলটিকে 'কেটলি' প্রতীক দেওয়া হয়। বর্তমানে নির্বাচন পরিচালনা বিধিমালার তফসিলে ৬৯টি নির্বাচনি প্রতীক রয়েছে। সামনে জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নির্বাচন কমিশন প্রতীকের সংখ্যা বাড়িয়ে ১০০এর অধিক করার পরিকল্পনা করছে।

## এসএসসিতে ফেল করে আত্মহত্যার চেষ্টা

বুঝতে পেরে রাব্বিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে নিয়ে আসে। রাব্বীর এক সহপাঠী নাম প্রকাশ না করার শর্তে জানান, রাব্বি নিয়মিত ছাত্র। পড়াশুনায় ভালো। কিন্তু পরীক্ষা কে?ন্দ্রে গি?য়ে ঠিকমত লিখ?তে পা?রে না। বিশেষ করে ও?র ইংরেজি হাতের লেখা খুবই খারাপ।বাবা চান্নু বিশ্বাস বলেন, তিনি সকাল থেকে জানিপুর বাজারে ছিলেন। খবর পেয়ে হাসপাতালে এসেছেন।

এ বিষয়ে উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার বিপ্লব কুমার জানান,প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর ওয়ার্ডে ভর্তি করা হয়েছে। সে এখন আশঙ্কামুক্ত।

## জাতীয় নির্বাচনের তদারকির জন্য

নির্বাচন পরিচালনায় মাঠ প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী, ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ ও প্রশিক্ষণ, প্রবাসী ভোটাধিকারসহ নানা বিষয় তদারকি করবে।

গতকাল বুধবার ইসি পৃথক আদেশে এসব কমিটি গঠনের ঘোষণা দিয়েছে। প্রধান উপদেষ্টা ডঃ মুহাম্মদ ইউনূসও নির্বাচনের প্রস্তুতিমূলক কাজ ডিসেম্বরের মধ্যে শেষ করার নির্দেশনা দিয়েছেন। নির্বাচনের সম্ভাব্য সময় ফেব্রুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত। ইলেকটোরাল ইনকোয়ারি কমিটির কার্যক্রম তদারকি ও সমন্বয় কমিটি। এই কমিটির নেতৃত্বে আছেন প্রধান নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। সাত সদস্যের এই কমিটি নির্বাচনের তফসিল ঘোষণার পর গঠিত ইলেকটোরাল ইনকোয়ারি কমিটির কার্যক্রম তদারকি করবে। এছাড়া ভোটের দায়িত্বে থাকা রিটার্নিং কর্মকর্তা, মাঠ প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের জন্য প্রয়োজনীয় নির্দেশিকা, ম্যানুয়েল ও সমন্বয়মূলক কাজও করবে।

ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও প্রশিক্ষণ তদারকি কমিটি। নির্বাচন কমিশনার তাহমিদা আহমেদের নেতৃত্বে সাত সদস্যের এই কমিটি জাতীয় ও স্থানীয় সরকার নির্বাচনের জন্য ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত ও প্রশিক্ষণের কার্যক্রম তদারকি করবে। প্রিসাইডিং, সহকারী প্রিসাইডিং ও পোলিং কর্মকর্তাদের নিয়োগ ও প্রশিক্ষণের কাজও পরিচালনা করবে এই কমিটি। মাঠ প্রশাসনের সঙ্গে সমন্বয় কমিটি। নির্বাচন কমিশনার মোঃ আনোয়ারুল ইসলাম সরকারের নেতৃত্বে সাত সদস্যের এই কমিটি নির্বাচনের পূর্বে ও ভোটের সময় বেসামরিক কর্মকর্তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ ও সমন্বয় সাধন করবে। নির্বাচনী কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নে নির্দেশনা প্রদান, নির্বাচনের সময়ে উদ্ভূত যেকোনো সংকট নিরসনে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণে পরামর্শ ও সহযোগিতা দেবে। নির্বাহী ম্যাজিস্ট্রেটদের সঙ্গে আচরণবিধি বাস্তবায়নে সমন্বয়ের দায়িত্বও এই কমিটির।

আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং কমিটি। নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মোঃ সানাউল্লাহয়ের নেতৃত্বে গঠিত সাত সদস্যের এই কমিটি নির্বাচনের নিরাপত্তা পরিকল্পনা গ্রহণ ও আইনশৃঙ্খলা বাহিনীর কার্যক্রম তদারকি করবে। নির্বাচনী এলাকা ও ভোটকেন্দ্রে শান্তি-শৃঙ্খলা রক্ষায় আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় সাধন করবে। নির্বাচনে সম্ভাব্য সহিংসতা, সন্ত্রাস ও বিশৃঙ্খলার আশঙ্কা নিরূপণ করে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করতেও কমিটি কাজ করবে।প্রবাসী ভোটাধিকার ও বিদেশি পর্যবেক্ষক সমন্বয় কমিটি। ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহয়ের নেতৃত্বে গঠিত আরেকটি সাত সদস্যের কমিটি প্রবাসীদের ভোটাধিকার পদ্ধতি প্রণয়ন এবং বিভিন্ন দূতাবাসের সঙ্গে সমন্বয় করবে। এছাড়া দেশি-বিদেশি সাংবাদিক ও পর্যবেক্ষকদের কার্যক্রম তদারকি ও সমন্বয়ের দায়িত্বও এ কমিটির।

আগামী বছরের ফেব্রুয়ারি থেকে এপ্রিলের মধ্যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। এ প্রস্তুতিতে দ্রুতগতিতে কাজ করতে হচ্ছে ইসি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে। প্রধান উপদেষ্টা ডঃ মুহাম্মদ ইউনূস ইতোমধ্যে ডিসেম্বরের মধ্যে নির্বাচনের প্রস্তুতি কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন। নির্বাচন প্রক্রিয়ায় মাঠ প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী, ভোটকেন্দ্র পরিচালন, প্রবাসী ভোটাধিকারসহ বিভিন্ন দিকের সুষ্ঠু সমন্বয় নিশ্চিত করতে এই পাঁচটি কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

## পুলিশের হুমকিতে তিন শিশু নিয়ে

ওসি আজগর আলীর সহযোগিতায় অভিযুক্তরা এখনও গ্রেপ্তার হয়নি, বরং প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। গৃহবধূর অভিযোগ, মামলা তুলে নিতে তাঁকে লাগাতার হুমকি দেওয়া হচ্ছে। জীবন হুমকির মুখে পড়ায় তিনি তাঁর তিন সন্তানসহ নিরাপত্তার অভাবে বাড়িঘর ছেড়ে পালিয়ে বেড়াতে বাধ্য হচ্ছেন। তিনি দ্রুত তদন্ত করে দোষীদের শাস্তি নিশ্চিত করার দাবি জানান।

## মেহেরপুরে হেরোইন রাখার দায়ে

পলিথিনে মোড়ানো অবস্থায় এক গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। ঘটনার পর তাকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয় এবং তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়। পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। বিচারিক প্রক্রিয়ার দীর্ঘ শুনানি শেষে আদালত সাক্ষ্যপ্রমাণের ভিত্তিতে আলফাজ আহম্মেদের বিরুদ্ধে অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এই রায় প্রদান করেন।

## গাংনী প্রেসক্লাবের কমিটি গঠন

বুধবার দুপুরে প্রেসক্লাব কার্যালয়ে আয়োজিত সভায় সর্বসম্মতিক্রমে পুরোনো কমিটিকেই পুনরায় দায়িত্ব দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন প্রেসক্লাব সভাপতি রেজা। এতে বার্ষিক আয়-ব্যয়ের হিসাব উপস্থাপনসহ ছয়জন সাংবাদিককে পূর্ণাঙ্গ সদস্যপদ প্রদান করা হয়।

কমিটির অন্যান্য পদে রয়েছেন সহসভাপতি মজনুর রহমান আকাশ (যায়যায়দিন), যুগ্ম সম্পাদক জুরাইস ইসলাম (ভোরের ডাক), কোষাধ্যক্ষ তাহেরুল ইসলাম তপন (বাংলাদেশ বার্তা), সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান ও দপ্তর সম্পাদক জিনারুল ইসলাম দিপু।

## জন্ম-মৃত্যু নিবন্ধনে খুলনা বিভাগে

উঠে এসেছে। এই সাফল্যের ফলে মেহেরপুর জেলার জেলা প্রশাসক সিফাত মেহনাজ খুলনা বিভাগে শ্রেষ্ঠ জেলা প্রশাসক হিসেবে স্বীকৃতি অর্জন করেন। পাশাপাশি সদর উপজেলার ইউএনও মোঃ খায়রুল ইসলাম বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী কর্মকর্তা নির্বাচিত হন। মূল্যায়ন বিবরণ অনুযায়ী, মেহেরপুর জেলা জন্ম ও মৃত্যু নিবন্ধনে সময়মতো অনলাইন এন্ট্রি, নাগরিক সেবা সহজীকরণ, গ্রামপর্যায়ে সচেতনতা বৃদ্ধি ও নিয়মিত তথ্য হালনাগাদে এগিয়ে রয়েছে। এর মাধ্যমে জাতীয় নাগরিক তথ্যভাণ্ডারকে আরও নির্ভুল করা সম্ভব হচ্ছে। সিফাত মেহনাজ: দক্ষ নেতৃত্বের অনন্য উদাহরণ।জেলা প্রশাসক সিফাত মেহনাজের নেতৃত্বে নিবন্ধন কার্যক্রমে গতিশীলতা এসেছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। দায়িত্বশীল, কর্মঠ এবং নাগরিকবান্ধব এই প্রশাসক পূর্বেও নানা ক্ষেত্রে জেলা পর্যায়ে দৃষ্টান্ত স্থাপন করেছেন। জেলার তিনটি উপজেলা সদরের জন্ম-মৃত্যু নিবন্ধন সেন্টারে নিয়মিত মনিটরিং, ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলোর প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় প্রযুক্তি সহায়তা নিশ্চিত করায় সামগ্রিক উন্নতি ঘটে।

ইউএনও খায়রুল ইসলাম: নিবেদিতপ্রাণ একজন কর্মচঞ্চল কর্মকর্তা সদর উপজেলার ইউএনও মোঃ খায়রুল ইসলাম মাত্র ছয় মাস আগে দায়িত্ব গ্রহণ করেই নিবন্ধন কার্যক্রমে আমূল পরিবর্তন আনেন। ৩৫তম বিসিএস প্রশাসন ক্যাডারের এই কর্মকর্তা এর আগেও মুজিবনগরে ইউএনও হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর নেতৃত্বে বাল্যবিবাহ প্রতিরোধ, মাদকবিরোধী অভিযান এবং খাসজমি উদ্ধার কার্যক্রম জনগণের মাঝে আস্থা ও প্রশংসা অর্জন করেছে। ২০২৪ সালের এসএসসি পরীক্ষার আগে শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে উদ্বুদ্ধ করার কার্যক্রম ছিল জেলার প্রশাসনিক ইতিহাসে ব্যতিক্রমধর্মী উদ্যোগ। জনবান্ধব আচরণ, মাঠ পর্যায়ে সরাসরি অংশগ্রহণ এবং আন্তরিকতাই তাঁকে এই স্বীকৃতির আসনে নিয়ে আসে।

এবারের মূল্যায়নে গাংনী উপজেলার ইউএনও আনোয়ার হোসেন বিভাগীয় পর্যায়ে চতুর্থ স্থান এবং মুজিবনগরের ইউএনও পলাশ মন্ডল অষ্টম স্থান অর্জন করেন। ৩৬তম বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তা আনোয়ার হোসেন তার কর্মজীবন শুরু করেন ২০১৮ সালে মাদারীপুর জেলা প্রশাসকের কার্যালয়ে। যশোর জেলা প্রশাসনের সিনিয়র সহকারী কমিশনার ছিলেন তিনি মেহেরপুরে পদায়নের আগে। জন্মস্থান ভোলা জেলার চরফ্যাশনের পেশাদার ও দায়িত্বনিষ্ঠ এই কর্মকর্তা বর্তমানে একজন কন্যা সন্তানের জনক।

পলাশ মন্ডল খুলনায় জন্মগ্রহণ করেন, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক সম্পন্ন করে ৩৫তম বিসিএস-এর মাধ্যমে প্রশাসনে যোগ দেন। এর আগে বগুড়া, সিলেট ও মাগুরা জেলায় কাজ করেছেন নিষ্ঠার সঙ্গে। মুজিবনগরে তাঁর দায়িত্ব নেওয়ার পর নিবন্ধন কার্যক্রমে গতিশীলতা এসেছে বলে স্থানীয় সূত্র জানায়। মেহেরপুর জেলা প্রশাসন এই সাফল্যের মাধ্যমে খুলনা বিভাগে প্রশাসনিক সক্ষমতার শক্ত প্রতিফলন ঘটিয়েছে। বিভাগীয় কমিশনার কার্যালয় থেকে পাঠানো প্রতিবেদনে উল্লেখ করা হয় মেহেরপুরের তিন উপজেলার ইউএনও-ই সেরা দশের তালিকায়, যা বাংলাদেশের অন্যান্য জেলার জন্য অনুকরণীয় মডেল হিসেবে বিবেচিত হতে পারে। জেলা প্রশাসনের কর্মকর্তারা জানান, এই অর্জন শুধু একজন ব্যক্তির নয়, বরং প্রশাসনের সকল স্তরের আন্তরিক প্রচেষ্টার ফল। এই সাফল্যের খবরে জেলা শহরজুড়ে আনন্দ ও উৎসাহ ছড়িয়ে পড়ে। আমাদের সূর্যোদয়'র প্রকাশক আবুল কাশেম অনুরাগী, ভারপ্রাপ্ত সম্পাদক মাহবুবুল হক পোলেন, জনপ্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী, নাগরিক সমাজসহ নানা শ্রেণিপেশার মানুষ জেলা প্রশাসক এবং ইউএনওদের অভিনন্দন জানিয়ে সামাজিক মাধ্যমে প্রতিক্রিয়া জানান।

## ১১ জুলাই: 'বাংলা ব্লকেড' কর্মসূচিতে

প্রতিবাদে শুক্রবার (১২ জুলাই) সারাদেশে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করার কর্মসূচি ঘোষণা দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

সরকারি চাকরিতে নিয়োগের ক্ষেত্রে সব গ্রেডে বৈষম্যমূলক ও অযৌক্তিক কোটা বাতিলের দাবিতে ১ জুলাই থেকে শুরু হওয়া আন্দোলনের ১১তম দিন ছিল বৃহস্পতিবার।

এদিন সকাল থেকে সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রী, পুলিশ, ছাত্রলীগ, বিশ্ববিদ্যালয় ও কলেজ প্রশাসনের বিভিন্ন পর্যায় থেকে শিক্ষার্থীদের আন্দোলনের বিষয়ে বলা হয়, কোটা নিয়ে আপিল বিভাগের আদেশের পর শিক্ষার্থীদের ক্যাম্পাসে ফিরে যাওয়া উচিত।

এদিন পুলিশের পক্ষ থেকে বলা হয়, জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন কর্মসূচি থেকে শিক্ষার্থীদের বিরত থাকতে হবে। ব্লকেড কর্মসূচির নামে রাস্তায় নামলে প্রচলিত আইনে ব্যবস্থা নেওয়া হবে বলে জানায় পুলিশ।

পূর্ব ঘোষণা অনুযায়ী, বৃহস্পতিবার বেলা ৩টা থেকে 'বাংলা ব্লকেড' কর্মসূচি শুরু হওয়ার কথা থাকলেও বৃষ্টির কারণে বিকেল সাড়ে ৪টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মিছিল নিয়ে শাহবাগের দিকে যান শিক্ষার্থীরা। এর আগে থেকেই পুলিশ সেখানে অবস্থান নেয়।

আন্দোলনকারীরা যাতে শাহবাগ থেকে ইন্টারকন্টিনেন্টাল হোটেলের দিকে যেতে না পারেন, সেজন্য রাস্তায় ব্যারিকেড দেয় পুলিশ। সেখানে জলকামান ও সাঁজোয়া যান প্রস্তুত রাখা হয়।

আন্দোলনকারীরা জানান, শিক্ষার্থীরা বেলা সাড়ে তিনটার দিকে মিছিল শুরু করলে পুলিশের পক্ষ থেকে তাদের বলা হয়, শাহবাগে ব্যারিকেড অতিক্রম করলে পুলিশ 'অ্যাকশনে' যাবে। পরে বিকেল পাঁচটার দিকে শিক্ষার্থীরা মিছিল নিয়ে সেই ব্যারিকেড ভেঙে শাহবাগ মেট্রো স্টেশনের নিচে অবস্থান নেন। তখন পুলিশ পিছু হটতে বাধ্য হয়।

শাহবাগ মোড়ে অবস্থান নিয়ে আন্দোলনকারীরা 'পুলিশ দিয়ে আন্দোলন, বন্ধ করা যাবে না', 'ভয় দেখিয়ে আন্দোলন, বন্ধ করা যাবে না', 'হামলা করে আন্দোলন, বন্ধ করা যাবে না', 'কোটা না মেধা, মেধা মেধা', 'মুক্তিযুদ্ধের বাংলায়, বৈষম্যের ঠাঁই নাই' ইত্যাদি স্লোগান দেন।

এদিন 'বাংলা ব্লকেড' কর্মসূচি পালন করতে গিয়ে পুলিশের বাধার সম্মুখীন হন রাজধানীর শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকৃবি), জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ফটকের সামনে বিকাল ৪টায় আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর লাঠিচার্জ করে পুলিশ। এতে ১০ শিক্ষার্থী আহত হন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মূল ফটকে তালা দিয়ে শিক্ষার্থীদের বাধা দেওয়ার চেষ্টা করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরে শিক্ষার্থীরা তালা ভেঙে বিক্ষোভ মিছিল নিয়ে শাহবাগে যান। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিকেল ৪টার দিকে মিছিল নিয়ে ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নেন এবং সন্ধ্যা ৭টা পর্যন্ত মহাসড়ক অবরোধ করে রাখেন।

এদিকে কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংলগ্ন প্রত্নতত্ত্ব অধিদপ্তর ভবনের সামনে বেলা সাড়ে ৩টার দিকে পুলিশের সঙ্গে সংঘর্ষের ঘটনায় ৩০ জন শিক্ষার্থী আহত হন। তাদের মধ্যে নয়জনকে গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়।

এদিন আন্দোলনরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও এর অধিভুক্ত কলেজের শিক্ষার্থীদের ওপর পুলিশ লাঠিচার্জ করে। এতে সাতজন আহত হন। পরে শিক্ষার্থীরা ছত্রভঙ্গ হয়ে খণ্ড খণ্ড মিছিল নিয়ে চট্টগ্রাম নগরীর ২ নম্বর গেটে এসে সড়ক অবরোধ করেন।

সিলেটে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিকেল ৪টার দিকে ক্যাম্পাসের গোলচত্বর থেকে মিছিল বের করে সিলেট-সুনামগঞ্জ সড়ক অবরোধ করতে গেলে পুলিশের বাধার মুখে পড়েন। এ সময় শিক্ষার্থীদের ওপর পুলিশ লাঠিচার্জ করলে পাঁচজন আহত হন।

এছাড়া রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঢাকা-রাজশাহী রেলপথ, বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঢাকা-কুয়াকাটা মহাসড়ক, ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কুষ্টিয়া-খুলনা মহাসড়ক, খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা খুলনার জিরো পয়েন্ট, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যশোর-রাজশাহী মহাসড়ক এবং গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া সড়ক অবরোধ করে কর্মসূচি পালন করেন। এছাড়াও পাবনা-ঈশ্বরদী মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পাবনা সরকারি এডওয়ার্ড কলেজের শিক্ষার্থীরা।

এদিন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের কোটাবিরোধী আন্দোলনকে সরকার বিরোধী আন্দোলন বানানোর চেষ্টা করা হচ্ছে বলে মন্তব্য করেন। তিনি বলেন, 'আন্দোলনকারীরা বাংলা ব্লকেড নামে মানুষকে কষ্ট দিচ্ছে।'

এদিন সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা সংস্কারের দাবিতে আন্দোলনে অংশ নেওয়া শিক্ষার্থীদের ক্লাসে ফেরাতে উপাচার্যদের চিঠি দেয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। দেশের সব সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের এ চিঠি পাঠানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে কেন্দ্রীয় ছাত্রলীগের পক্ষ থেকে সংবাদ সম্মেলনের দাবি করা হয়, 'কোটা পদ্ধতি সংস্কারের দাবিতে চলমান আন্দোলনকে রাজনৈতিক রূপ দেয়ার চেষ্টা চলছে।'

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল আন্দোলনরত শিক্ষার্থীদের ক্লাসে ফেরার আহ্বান জানিয়ে বলেন, 'অনেকেই তাদের (আন্দোলনকারীদের) ব্যবহার করার জন্য দৌড়ঝাঁপ শুরু করে দিয়েছে। তাদের ষড়যন্ত্রে পা না দিয়ে আন্দোলন প্রত্যাহার করে নিন। তারা মেধাবী ছেলে, কেন তারা রাষ্ট্রের বিরুদ্ধে যাবে? জানমালের ক্ষতি করলে, অগ্নিসংযোগ করলে, জনদুর্ভোগ করলে তো পুলিশ বসে থাকবে না।'

এদিন ২০১৮ সালের কোটা বাতিলের পরিপত্র অবৈধ ঘোষণা করে দেওয়া রায়ের মূল অংশ প্রকাশ করেন হাইকোর্ট। রায়ে বলা হয়, সরকার চাইলে কোটার হার বা শতাংশ পরিবর্তন, পরিবর্ধন-পরিমার্জন করতে পারবে।